

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক নং-৪৬. ০২০. ০০৪. ০১. ০০.১১১৯. ২০১৬-২৬৩


তারিখঃ ২০/১/১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-১৬২৩০/২০১৬, বাদী-জনাব ফজলে রাব্বি উল্লাস, পিতা- টি .এম আব্দুল মতিন, গ্রাম- চর রায়পুর, উপজেলা- সিরাজগঞ্জ সদর, জেলা- সিরাজগঞ্জ -বনাম-সরকার ও অন্যান্য।

জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের জনবলের চাকুরী রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ে রাজস্ব খাতে আত্মীকরণের নির্দেশনা চেয়ে বর্ণিত রীট পিটিশনটি দায়ের করা হয়। মাননীয় আদালত পিটিশনারগণের চাকুরীর বিষয়ে ০৬ (ছয়) মাসের জন্য Status quo বজায় রাখার আদেশসহ শোকজ ইস্যুপূর্বক জবাব প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন।। সরকারি স্বার্থে মামলাটি যথাযথ প্রতিদ্বন্দিতাকরণ আবশ্যিক।

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১৬২৩০/২০১৬ মামলায় সরকার পক্ষে নিয়োজিত আইনজীবীর পাশাপাশি মামলাটি প্রতিদ্বন্দিতার যাবতীয় কার্যক্রম গ্রহনকরতঃ সময় সময় স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখাকে অবহিত করার জন্য বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। এতদসঙ্গে মামলার রুল, আরজি, ওকালতনামা, দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্র প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(মোহাম্মদ শফিকুল আরিফ)
উপসচিব (আইন-১)
৯৫৪০৯৯৫

জনাব এস, কে শফিক মাহমুদ পুস্প
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব), জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন (৮ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। কম্পিউটার প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।